গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
প্রাণিসম্পদ-১ অধিশাখা
www.mofl.gov.bd

নং- ৩৩.০০.০০০০.১১৭.১১.০০১.১৯- ৪৯৮

তারিখ : ২০ অগ্রহায়ণ ১৪২৮ ব:
০৫ ডিসেম্বর ২০২১ খ্রি:

## প্রজ্ঞাপন

বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়ের ১৫/০২/২০২১ তারিখের -৮০.০০.০০০০.১০৮.১১.০১৫.২০(অংশ-১)-৮৯ সংখ্যক স্মারক এর সুপারিশ মোতাবেক মেডিকেল বোর্ড ও সংশ্লিষ্ট জেলার পুলিশ সুপারের প্রত্যয়ন এবং যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের অধীন প্রাণিসম্পদ অধিদপ্তরের নিয়ন্ত্রণাধীন নন-ক্যাডার "হাঁস-মুরগী উন্নয়ন কর্মকর্তা" পদে জাতীয় বেতনস্কেল, ২০১৫ এর ৯ম গ্রেডে টাকা ২২,০০০-৫৩,০৬০/- বেতনক্রমে নিম্নবর্ণিত প্রার্থীগণকে তাঁদের নামের পার্শ্বে বর্ণিত পদ ও কর্মস্থলে নিম্নোক্ত শর্তসাপেক্ষে সম্পূর্ণ অস্থায়ীভাবে নিয়োগ প্রদান করা হল:

| ক্র. নং | রেজিঃ নং | কর্মকর্তার নাম, স্থায়ী ঠিকানা ও নিজ জেলা | পদবি ও কর্মস্থল |
|---|---|---|---|
| ০১ | ০৯৬২১০ | জনাব মোঃ জহিরুল ইসলাম<br>নিজ জেলাঃ বরগুনা। | হাঁস-মুরগী উন্নয়ন কর্মকর্তা<br>সরকারি হাঁস পালন কেন্দ্র, ঝালকাঠি। |
| ০২ | ২০৩২১২ | জনাব মোঃ ইউনুস আলী<br>নিজ জেলাঃ জয়পুরহাট। | হাঁস-মুরগী উন্নয়ন কর্মকর্তা<br>সরকারি মুরগী প্রজনন ও উন্নয়ন খামার, সাতক্ষীরা। |
| ০৩ | ৩৩০৬২১ | জনাব খোদেজা আকতার<br>নিজ জেলাঃ চট্টগ্রাম। | হাঁস-মুরগী উন্নয়ন কর্মকর্তা<br>সরকারি হাঁস পালন কেন্দ্র, মাগুরা। |

**শর্তাবলী:**

(ক) তাঁকে ০২ (দুই) বছর শিক্ষানবিস হিসেবে কাজ করতে হবে। শিক্ষানবিসকালে যদি তিনি চাকরিতে বহাল থাকার অনুপযোগী বলে বিবেচিত হন, তবে কোন কারণ দর্শানো ছাড়াই এবং বাংলাদেশ সরকারি কর্ম কমিশনের পরামর্শ ব্যতিরেকে তাঁকে চাকরি হতে অপসারণ করা যাবে;

(খ) তাঁকে তাঁর চাকরি সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে সরকার যেরূপ স্থির করবে সেরূপ কমপক্ষে ০২ (দুই) মাস মেয়াদী পেশাগত ও বিশেষ ধরণের প্রশিক্ষণ গ্রহন করতে হবে;

(গ) তাঁকে একজন জামানতদারসহ ৩০০/- (তিনশত) টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্পে এ মর্মে একটি বন্ড সম্পাদন করতে হবে যে, যদি তিনি শিক্ষানবিসকালে অথবা শিক্ষানবিসকাল উত্তীর্ণ হওয়ার ০৩ (তিন) বছরের মধ্যে চাকরিতে ইস্তফা দেন, তবে প্রশিক্ষণকালে তাঁকে প্রদত্ত বেতন-ভাতা, প্রশিক্ষণ উপলক্ষে উত্তোলিত অগ্রিম/ভ্রমণ ভাতা/অন্যান্য ভাতাদি ও তাঁর প্রশিক্ষণের জন্য ব্যয়িত সমুদয় অর্থ ফেরত দিতে তিনি বাধ্য থাকবেন। প্রশিক্ষণের জন্য কর্মস্থল হতে অব্যাহতি প্রদানকারী কর্তৃপক্ষের নিকট এ বন্ড দাখিল করে তাঁকে প্রশিক্ষণে যেতে হবে;

(ঘ) তাঁর ইস্তফা সরকার কর্তৃক গৃহীত হওয়ার পূর্বে যদি তিনি তাঁর কর্তব্য-কাজে অনুপস্থিত থাকেন, তবে উপানুচ্ছেদ (গ) অনুযায়ী তাঁর নিকট সরকারের প্রাপ্য সমুদয় অর্থ পাবলিক ডিমান্ড রিকভারী এ্যাক্ট, ১৯১৩ এর বিধান অনুসারে আদায় করা হবে এবং সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ অনুযায়ী তাঁর বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে;

(অপর পৃষ্ঠা দ্রষ্টব্য)

(ঙ) যদি তিনি কোন বিদেশী নাগরিক বিবাহ করে থাকেন অথবা বিবাহ করার জন্য অঙ্গীকারাবদ্ধ হয়ে থাকেন তবে এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে;

(চ) চাকরিতে যোগদানকালে তাঁকে যোগদানপত্রের সাথে ১৫০/- (একশত পঞ্চাশ) টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্পে এ মর্মে একটি বন্ড সম্পাদন করতে হবে যে, তিনি নিজের বা পরিবারের অন্যান্য সদস্যদের জন্য কোন যৌতুক নিবেন না এবং কোন যৌতুক দিবেন না;

(ছ) সরকারি কর্মচারী (আচরণ) বিধিমালা, ১৯৭৯ এর উপবিধি ১৩(১) অনুযায়ী তাঁর সকল স্থাবর-অস্থাবর সম্পত্তির বিবরণ সম্বলিত একটি ঘোষণাপত্র চাকরিতে যোগদানের সময় প্রাণিসম্পদ অধিদপ্তরের মাধ্যমে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ে জমা প্রদান করতে হবে;

(জ) চাকরিতে নিয়োগের পর চাকরির যোগ্যতার শর্তের অপূর্ণতা, দুর্নীতি, জালিয়াতি, অসত্য তথ্য প্রদান, তথ্য গোপন বা অন্য কোনো ক্ষেত্রে যেমন চাহিদাকৃত কাগজপত্রাদি যথাযথ না থাকলে বা কোনো গুরুতর (Substantive) ভুল-ত্রুটির তথ্য প্রকাশ বা প্রমাণিত হলে তাঁকে চাকরি হতে বরখাস্ত করা ছাড়াও তাঁর বিরুদ্ধে যে কোনো উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করা হবে;

(ঝ) প্রজ্ঞাপনে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি, এরূপ ক্ষেত্রে তাঁর চাকরি সংক্রান্ত বিষয়ে বলবৎ আইন, বিধি-বিধান ও আদেশ প্রযোজ্য হবে;

(ঞ) এ চাকরিতে যোগদানের জন্য তিনি কোন ভ্রমণ ভাতা/দৈনিক ভাতা পাবেন না।

০২। উপর্যুক্ত শর্তাবলী গ্রহণযোগ্য বিবেচিত হলে আগামী ১৪/১২/২০২১ তারিখের মধ্যে তাঁর নামের পার্শ্বে বর্ণিত কর্মস্থলে যোগদান জন্য অনুরোধ করা হল। নির্ধারিত তারিখের মধ্যে চাকরিতে যোগদান না করলে তিনি চাকরিতে যোগদান করতে সম্মত নন বলে ধরে নেয়া হবে এবং এ নিয়োগ বাতিল বলে গণ্য হবে।

০৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

০৪। জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,
০৫/১২/২০২১
(শাহীনা ফেরদৌসী)
যুগ্মসচিব
ফোনঃ ৯৫৪৬১১১
e-mail:livestock-1@mofl.gov.bd

নং- ৩৩.০০.০০০০.১১৭.১১.০০১.১৯- ৪১৮

তারিখ: ২০ অগ্রহায়ণ ১৪২৮ ব: / ০৫ ডিসেম্বর ২০২১ খ্রি:

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সচিব, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা।
২। মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর, কৃষি খামার সড়ক, ফার্মগেইট, ঢাকা [নিয়োগকৃত কর্মকর্তাগণের জন্য ০২ (দুই) মাস মেয়াদী বিভাগীয় প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধসহ]।
৩। অতিরিক্ত সচিব (সকল), মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

(অপর পৃষ্ঠা দ্রষ্টব্য)

৪। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
[মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য]।
৫। পরিচালক, বিভাগীয় প্রাণিসম্পদ দপ্তর, ............................................।
৬। সচিবের একান্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
[সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য]।
৭। উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা [বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের জন্য]।
৮। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, সি. জি. এ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
৯। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক, ............................................................।
১০। জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা,......................................।
১১। জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা........................................................।
১২। সিস্টেম এনালিস্ট, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় (প্রজ্ঞাপনটি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
১৩। উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা,......................................।
১৪। উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা.....................................................।
১৫। জনাব ..................................................................................।
১৬। অতিরিক্ত সচিব (প্রা.স.-১) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
[অতিরিক্ত সচিব প্রা.স.-১ মহোদয়ের সদয় অবগতির জন্য]।
১৭। অফিস কপি।